

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislatediv.gov.bd

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব কাজী আরিফুজ্জামান
যুগ্ম-সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলক কক্ষ(কক্ষ নং-৭২৭, ভবন নং- ৪, বাংলাদেশ সচিবালয়।
তারিখ : ১৩/১২/২০১৭খ্রিঃ।
সময় : সকাল ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের উপস্থিতি তালিকা (সংলাগ-ক) সংযুক্ত।

সভার শুরুতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভাপতি মহোদয় এ বিভাগের সিস্টেম এনালিস্ট, জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন-কে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন। জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত আগামী ১৭/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য এ বিভাগের সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির সভা বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া ইনোভেশন টিমসমূহের ২০১৭-১৮ অর্থ-বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন ও গত সভার কার্যবিবরণীর সারবস্তু সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথা:-

ক্রমিক নং	আলোচনার বিষয়বস্তু	আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ই-ফাইল(নথি) সিস্টেম বাস্তবায়ন	এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন a2i কর্তৃক প্রকাশিত ই-ফাইল (নথি) সিস্টেমের অগ্রগতির মাসিক প্রতিবেদনে নিজেদের অবস্থান তুলে ধরে যুগ্ম-সচিব(প্রশাসন) মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি মহোদয় বলেন, ভেটিং এর জন্য বিভিন্ন মন্ত্রণালয় থেকে প্রেরিত (হার্ড কপি ফাইল আকারে আসলে) নথি ই-ফাইল (নথি) সিস্টেমে নিষ্পত্তি করা সম্ভব নয়। তবে এ সংক্রান্ত কোন নথি যদি ই-ফাইল (নথি) সিস্টেমে প্রেরিত হয় তবে এ বিভাগ উক্ত নথি ই-ফাইল (নথি) সিস্টেমে নিষ্পত্তি করবে মর্মে আলোচনা হয়। A2i কর্তৃক প্রকাশিত প্রতিবেদন সূচকে নিজেদের অবস্থান আরও এগিয়ে নেওয়ার জন্য এ বিভাগের প্রশাসন ১,২,৩ শাখা, বাজেট শাখা, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, প্রশিক্ষণ ও প্রতিবেদন শাখা এবং আইসিটি সেলের ফাইলসমূহ ই-ফাইল (নথি) সিস্টেমের মাধ্যমে উপস্থাপন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আইসিটি সেল, প্রশাসন শাখা ১,২ ও ৩, বাজেট, প্রশিক্ষণ ও প্রতিবেদন শাখা এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা

ক্রমিক নং	আলোচনার বিষয়বস্তু	আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		<p>সিদ্ধান্ত: এটুআই-এ প্রেরিত ই-ফাইল (নথি) সিস্টেমে নিজেদের অবস্থান উন্নতিকল্পে এ বিভাগের প্রশাসন, কর্মসম্পাদন ব্যবস্থাপনা এবং প্রশিক্ষণ ও প্রতিবেদন শাখার সকল নথিসমূহ ই-ফাইল (নথি) সিস্টেমে নিষ্পত্তি করে সেই সাথে বাজেট শাখার নথিসমূহ এবং আইসিটি সেলের ইনোভেশন সংক্রান্ত নথি ই-ফাইল (নথি) সিস্টেমে নিষ্পত্তি করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	
২।	bdlaws Upgradation	<p>সভার সভাপতি মহোদয় এ বিভাগের ওয়েবসাইট “ল’জ অব বাংলাদেশ” এর আপগ্রেডেশন এর অগ্রগতি সভায় জানতে চাইলে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ জিয়া উদ্দিন জানান যে, BASE Limited কর্তৃক “ল’জ অব বাংলাদেশ” এর আপগ্রেডেশন এর কাজ চলমান রয়েছে। এ সংক্রান্ত বিয়য়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আইসিটি সেলের সাথে BASE Limited এর “ল’জ অব বাংলাদেশ” এর ৭ টি সভা হয়েছে। কাজের অগ্রগতি প্রতিবেদন সহকারে উন্নয়নকৃত Software টির Demo Version উপস্থাপনের বিয়য়ে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত: Base Limited কর্তৃক চলমান কাজের অগ্রগতি এবং Demo Software যুগ্ম-সচিব (প্রঃ) এর নিকট উপস্থাপন করা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	আইসিটি সেল
৩।	সংযুক্ত সংস্থাসমূহের ইনোভেশন কার্যক্রম তদারকি	<p>এ বিভাগের সহিত সংযুক্ত সংস্থা আইন কমিশন ও জাতীয় মানবাধিকার কমিশনের ইনোভেশন টিমসমূহকে সক্রিয় করে প্রতিমাসের ইনোভেশন টিমসমূহের সভা নিশ্চিত করা এবং ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়নে করে উহা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার বিষয়ে সভায় আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত: এ বিভাগের সংযুক্ত সংস্থা আইন কমিশন ও জাতীয় মানবাধিকার কমিশনকে তাদের দাপ্তরিক কাজ ই-ফাইল (নথি) সিস্টেমের মাধ্যমে নিষ্পত্তি করার বিষয়ে সভায় উপস্থিত প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করা হলে দ্রুত বাস্তবায়নের করবে মর্মে সভাকে অবহিত করেন।</p>	প্রশাসন-২ এবং আইন কমিশন ও জাতীয় মানবাধিকার কমিশনের ইনোভেশন টিম

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 কাজী আরিফুর রহমান
 সভাপতি

যুগ্ম-সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
 লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ